

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২৮, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২৩ ভাদ্র ১৪২৮/০৭ সেপ্টেম্বর ২০২১

নং ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০২.২০.৮৮৩—বাংলাদেশ গেজেটের ৩১ আগস্ট, ২০২১ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত এস, আর, ও নং-২৮৮-আইন/২০২১।-নং প্রজ্ঞাপনমূলে সিলেট জেলাধীন সিলেট সদর উপজেলার ৪ (চার)টি ইউনিয়ন এবং দক্ষিণ সুরমা উপজেলার ৩ (তিন)টি ইউনিয়নের কয়েকটি মৌজা সিলেট সিটি কর্পোরেশনের সাথে অন্তর্ভুক্ত করে সিলেট সিটি কর্পোরেশনকে সম্প্রসারণ করা হয়েছে। আগামী ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ২৯ ও ৩০ ধারা মোতাবেক উক্ত নতুন এলাকাসমূহকে সিলেট সিটি কর্পোরেশনের ওয়ার্ডভিত্তিক পুনর্বিন্যাস করে ওয়ার্ডভিত্তিক সীমানা নির্ধারণের জন্য একই আইনের ২৮ ধারার বিধানমতে নিম্নরূপ সীমানা নির্ধারণ কর্মকর্তা ও সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হ'ল :

- (১) জেলা প্রশাসক, সিলেট —সীমানা নির্ধারণ কর্মকর্তা
 - (২) উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট-সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা
 - (৩) প্রধান সম্পত্তি কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট-সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা
- ২। এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নুমেরী জামান

উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৪৩১৩)

মূল্য : টাকা ৪.০০